গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

# ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)-এর উত্তম চর্চা ২০১৯-২০২০

| ক্রম | বিবরণ |
|---|---|
| 1. | প্রকল্পের রুটিন বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের অতিরিক্ত হিসেবে ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল নিয়মিত বিরতিতে প্রত্যেকটি প্যাকেজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করে থাকেন। সভায় চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে উত্তরণের উপায় নির্ধারণ করা হয় ও তৎভিত্তিতে চ্যালেঞ্জসমূহকে opportunity-তে রূপান্তর করা হয়। ব্যবস্থাপনা পরিচালক প্রত্যেক পর্যালোচনা সভা শেষে এবং আকস্মিকভাবে প্রকল্পের নির্মাণ কাজ নিয়মিত পরিদর্শন করে থাকেন। প্রকল্প পরিচালক পৃথকভাবে সপ্তাহে একবার প্রত্যেকটি প্যাকেজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করে সরেজমিনে বাস্তব অবস্থা পর্যবেক্ষণ করেন। প্রকল্প এলাকার সন্নিকটে প্রকল্প টিমের অবস্থান ও নির্মাণ কাজ যথাযথভাবে পরিবীক্ষণের নিমিত্ত প্রধান কার্যালয়ের পাশাপাশি উত্তরা, আগারগাঁও, ফার্মগেট ও গাবতলীতে অস্থায়ী কার্যালয় স্থাপন করা হয়েছে। |
| 2. | Metro Rail নির্মাণে Advance Technology ব্যবহার করা হচ্ছে। Advance Technology সম্পর্কে DMTCL এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মকর্তাগণকে নিয়মিত বিরতিতে formal session করে সম্যক ধারণা প্রদান করা হয়ে থাকে। এতে কর্মরত কর্মকর্তাগণ Advance Technology ব্যবহার ও এর কার্যকারিতা সহজভাবে পরিবীক্ষণ করতে পারেন। |
| 3. | Mass Rapid Transit (MRT) বা মেট্রোরেল একটি Multi-disciplinary activities এবং একটি প্যাকেজের কার্যক্রম অন্য প্যাকেজের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল। এখানে Civil; Mechanical; Electrical & Electronic Engineering; Computer Science & Engineering ইত্যাদি discipline এর প্রকৌশলীগণ একত্রে কাজ করে থাকেন। এজন্য আন্তঃপ্যাকেজ সমন্বয় অতীব গুরুত্বপূর্ণ। এ প্রেক্ষাপটে আন্তঃপ্যাকেজ সমন্বয় সুষ্ঠুভাবে করার নিমিত্ত ও উদ্ভুত সমস্যা সমাধানে চলমান সকল প্যাকেজের ঠিকাদারগণ, পরামর্শক প্রতিষ্ঠান এবং প্রকল্পে কর্মরত প্রকৌশলীগণ নিয়মিত বিরতিতে আন্তঃপ্যাকেজ সমন্বয় সভা করে থাকেন। প্রয়োজনে ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল আন্তঃপ্যাকেজ সমন্বয় সভা করে থাকেন। |
| ৪. | স্বাধীনতার ৫০ বছর পূর্তি উদযাপন বর্ষের ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ সরকার বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের সম্পূর্ণ অংশ আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের পরিকল্পনা গ্রহণ করেছে। এ পরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের ৩০ মাস পূর্বে বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেলের সম্পূর্ণ অংশ আনুষ্ঠানিকভাবে উদ্বোধন নিশ্চিত করার নিমিত্ত ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৬) তিন শিফটে দিনে ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন ও বছরে ৩৬৫ দিন লাগাতার কাজ করে থাকে। |
| ৫. | ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের আউট সোর্সিং কর্মচারী ব্যাতীত অন্যান্যদের বেতন-ভাতাদি পরিশোধে Electronic Fund Transfer (EFT) পদ্ধতি ব্যবহার করা হয়। এতে সময় বাঁচে, অর্থ সাশ্রয় হয় ও যাতায়াত বিড়ম্বনা পরিহার করা যায়। |
| ৬. | ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত কর্মকর্তাগণ Manufacturer's Factory Inspection, Material Source Inspection, Witnessing test, Pre Production Inspection, Pre Shipment Inspection, Mock-up Review ইত্যাদিতে অংশগ্রহণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর ইংরেজিতে ডি-ব্রিফিং করার প্রথা চালু রয়েছে। এতে বিদেশ সফরলব্ধ জ্ঞান সম্পর্কে সকলেই অবহিত হওয়ার সুযোগ পেয়ে থাকেন। |

| | |
|---|---|
| ৭. | ডিএমটিসিএল, প্রকল্প কর্তৃপক্ষ, পরামর্শক প্রতিষ্ঠান এবং ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে দ্রুত Project Document, সকল প্রকার তথ্য-উপাত্ত ও পত্রালাপ করার লক্ষ্যে ওয়েব বেইজড ACONEX সফটওয়ার ব্যবহার করে ডিএমটিসিএলকে Electronic Document Management System (EDMS) নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। এ সফটওয়ারের মাধ্যমে তথ্য-উপাত্ত আদান-প্রদানের ক্ষেত্রে ব্যবহারকারী ও কার্যক্রম নির্দিষ্ট করে দেয়া যায়। প্রবেশাধিকার প্রাপ্ত ব্যবহারকারীগণ এ প্লাটফরম ব্যবহার করে নিজেদের ভিতরে তথ্য আদান-প্রদানের মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। এটি Cloud Based সুরক্ষিত Construction Project Management সফটওয়ার। প্রবেশাধিকার প্রাপ্ত তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণ স্বয়ংক্রিয়ভাবে Document এর সাইজ নির্বিশেষে Document সরাসরি দেখতে পারেন বিধায় অনুমোদন, পরিবীক্ষণ ও সমন্বয় কার্যক্রম সহজে করা যায়। |